



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**3 AUGUST 2024**

**7:35 AM IST**

=====

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নতুন দিল্লীর রাষ্ট্রপতি ভবনে রাজ্যপালদের দুদিনব্যাপী সম্মেলনের উদ্বোধন করেন। এই সম্মেলনে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের মধ্যে সম্পর্কে রূপদান করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা বিভিন্ন বিষয় ও এবং জনসাধারণের জন্য কল্যাণমূলক প্রকল্পের প্রসার সম্পর্কে আলোচনা করা হবে। সম্মেলনের উদ্বোধন করে রাষ্ট্রপতি বলেন যে সম্মেলনের কার্যসূচীতে জাতীয় লক্ষ্য পূরণের দিক থেকে গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় অর্ন্তভুক্ত করা হয়েছে। তিনি আরো বলেন যে গণতন্ত্রে সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করার জন্য সব রাজ্যে কেন্দ্রীয় সংস্থাসমূহের সমন্বয়ে কাজ করা অত্যন্ত প্রয়োজনীয়। তিনি রাজ্যপালদের সংশ্লিষ্ট রাজ্যের সাংবিধানিক প্রধান হিসেবে এধরনের সমন্বয় বৃদ্ধিতে কিভাবে সহায়তা করতে পারেন সে বিষয়ে চিন্তা করতে পরামর্শ প্রদান করেন।

---

আগামী ২২ আগস্ট থেকে আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশন আরম্ভ হবে। বিধানসভা সচিবালয়ের প্রকাশ করা সাময়িক কার্যসূচী অনুসারে অধিবেশন পাঁচদিন চলবে এবং ৩০ শে আগস্ট শেষ হবে।

---

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেছেন যে রাজ্যে সড়ক দুর্ঘটনার পরিমাণ ৪৫ শতাংশ পর্যন্ত হ্রাস করার জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের সহযোগীতায় আসাম ও চন্ডিগড়ে সড়ক দুর্ঘটনার বলি হওয়া লোকেদের নগদ অর্থ ছাড়া চিকিৎসা প্রদানের ব্যবস্থা সম্পর্কে মুখ্যমন্ত্রী শ্রী শর্মা সামাজিক মাধ্যমে একথা জানান। এক্ষেত্রে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গাডকারির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে মুখ্যমন্ত্রী বলেন যে সড়ক দুর্ঘটনা ব্যক্তির জীবন ও পরিবারের ক্ষতি করে তাই এধরনের দুর্ঘটনা প্রতিরোধে সরকার নানা পদক্ষেপ গ্রহণ করেছে।

---

রাজ্যের পরিবহন, তথ্য প্রযুক্তি, বিজ্ঞান-প্রযুক্তি, এবং জলবায়ু পরিবর্তন ইত্যাদি বিভাগের মন্ত্রী কেশব মহন্ত গতকাল কেন্দ্রীয় ভারী শিল্প মন্ত্রী এইচ ডি কুমারাম্বামীর সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে শ্রী মহন্ত শিলচরে পরিবহন বিভাগের ব্যবহার করা কেন্দ্রীয় মন্ত্রণালয়টির দ্বারা স্থাপিত ন্যাশনেল ইনস্টিটিউট ফর অটোমোটিভ ইন্সপেকশন, মেইন্টেনেন্স এন্ড ট্রেইনিংকে পূর্ণ রূপে কর্মক্ষম করে অটোমোটেড টেস্টিং সেন্টারে উন্নীতকরণের অনুরোধ জানান। এছাড়া শিলচরের ধলছড়ায় ন্যাশনেল হিল এরিয়া ড্রাইভিং ট্রেইনিং সেন্টারটি পুনরুজ্জীবিত করার অনুরোধ জানান। কেন্দ্রীয়মন্ত্রী এই অনুরোধের প্রতি ইতিবাচক সাড়া দিয়ে বিষয়টি মন্ত্রণালয় বিবেচনা করবে বলে কেন্দ্রীয় মন্ত্রীকে আশ্বাস প্রদান করেন। সাক্ষাৎ কালে রাজ্যের পরিবহন বিভাগের সচিব আদিল খান এবং পরিবহন আয়ুক্ত মেঘনিধি দাহালও উপস্থিত ছিলেন।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে পিজি/ডিপ্লোমা সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য পোর্টাল গতকাল অর্থাৎ পয়লা আগস্ট থেকে চালু রয়েছে। অনলাইনে আবেদন জমা দেবার শেষ তারিখ আগামী ৩০ শে আগস্ট। [WWW.AUSEXAMINATION.AC.IN/ADMISSION](http://WWW.AUSEXAMINATION.AC.IN/ADMISSION) এই ওয়েবসাইটে বিস্তারিত জানা যাবে।

---

---

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটার ও উধারবন্দের টেনিস ক্লাবের ব্যবস্থাপনায় আগামী মঙ্গলবার টেবিল টেনিস ক্লাব প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।

---

---

করিমগঞ্জ জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী মঙ্গলবার জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সকাল ১১টায় সৈনিক বন্ধু সভা অনুষ্ঠিত হবে। জেলা আয়ুক্তের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলার প্রাক্তন সেনা কর্মী, সেনা কর্মীদের স্ত্রী ও পরিবারের সদস্যদের যেকোন সমস্যা থাকলে, তা আগামীকালের মধ্যে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্যালয়ে জানাতে বলা হয়েছে।

---

---

করিমগঞ্জের খাদ্য, গনবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে ২০২১ সালের অগাষ্ট থেকে ২০২৩ সালের অগাষ্ট মাস পর্যন্ত জেলার ই-শ্রম কার্ডধারী হিতাধিকারীদের সি ফর্মের মাধ্যমে আগামী এক সপ্তাহের মধ্যে তাদের বিবরণ জমা দিতে বলা হয়েছে বলে জেলার তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে।

---

---